বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প

আয়োজনে ঃ জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ও উপজেলা প্রশাসন, কলারোয়া উপজেলা, সাতক্ষীরা।
সহযোগিতায় ঃ সুইচ এজেন্সি ফর ডেভেলপমেন্ট কো-অপারেশন (এসডিসি) ও ব্রেকিং দ্য সাইলেন্স

উপজেলা কর্মশালা প্রতিবেদন

<table>
<tr><td>কর্মসূচীর নাম</td><td colspan="6">সাতক্ষীরা জেলায় পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প কার্যক্রম অবহিতকরণে শ্যামনগর উপজেলার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন সচিব, সংরক্ষিত মহিলা মেম্বর ও ওয়ার্ড মেম্বর সমন্বয়ে উপজেলা কর্মশালা।</td></tr>
<tr><td>তারিখ</td><td colspan="4">১৫.০৩.২০২১ ইং-</td><td>সময়কাল</td><td>১০:০০ -৩:০০ টা পর্যন্ত</td></tr>
<tr><td>সভার মাধ্যম</td><td colspan="6">স্বাস্থ্যবিধি মেনে সরাসরি</td></tr>
<tr><td>অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>পুরুষ</td><td>৪৪</td><td>নারী</td><td>০৬</td><td>মোট</td><td>৫০</td></tr>
<tr><td>অংশগ্রহণকারীর ধরণ</td><td colspan="6">ইউপি চেয়ারম্যান ও সচিব, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ চেয়ারম্যান</td></tr>
<tr><td>সভাপতির নাম ও পদবী</td><td colspan="6">জুবায়ের হোসেন চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।</td></tr>
<tr><td>বিশেষ অতিথির নাম ও পদবী</td><td colspan="6">মো: আক্তার হোসেন, সহকারী কমিশনার (ভূমি), কলারোয়া, সাতক্ষীরা।</td></tr>
<tr><td>প্রধান অতিথির নাম ও পদবী</td><td colspan="6">মো: আমিনুল ইসলাম লালটু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলারোয়া।</td></tr>
<tr><td>কর্মশালার পরিচালক</td><td colspan="6">মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স</td></tr>
<tr><td>কর্মশালার সমন্বয়কারী</td><td colspan="6">মোঃ তারিকুজ্জামান, ডেপুটি ডিরেক্টর, ব্রেকিং দ্য সাইলেন্স।</td></tr>
<tr><td>কর্মশালার আয়োজক ও প্রতিবেদন প্রস্তুতকারী</td><td colspan="6">মোঃ শরিফুল ইসলাম, ডেপুটি ম্যানেজার ও অফিস ইনচার্জ, ব্রেকিং দ্য সাইলেন্স, সাতক্ষীরা</td></tr>
<tr><td>কর্মশালার যোগাযোগকারী</td><td colspan="6">মোঃ মনিরুজ্জামান টিটু, প্রজেক্ট কো-অর্ডিনেটর, ব্রেকিং দ্য সাইলেন্স, সাতক্ষীরা।</td></tr>
<tr><td>সভার সংক্ষিপ্ত বিবরণ</td><td colspan="6">ভূমিকা ঃ শুরুতে ব্রেকিং দ্য সাইলেন্স, সাতক্ষীরা এর অফিস ইনচার্জ মোঃ শরিফুল ইসলাম সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং সভাপতির অনুমতিক্রমে পারস্পরিক শিখন কর্মসূচীর কর্মশালার কার্যক্রম শুরু করেন। এর পর অংশগ্রহণকারীগণ তাদের নিজ নিজ পরিচয় দেন। পরবর্তীতে কর্মশালার স্বাগত বক্তব্য ও বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প কার্যক্রম প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স।
তারপর পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প কার্যক্রম উপস্থাপন করেন মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স।
উদ্বোধনী বক্তব্যঃ উক্ত কর্মশালার সভাপতি জুবায়ের হোসেন চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, সাতক্ষীরা, উদ্বোধনী বক্তব্যে বলেন, মূলত পারস্পারিক শিখন হলো এক জন আর এক জনের থেকে ভাল কিছু জানা</td></tr>
</table>

ও শেখা। এনআইএলজি এর উদ্দেশ্য দেশের সকল ইউনিয়নের যে ভালো কাজ গুলো আছে সেটা বাংলাদেশের সকল ইউনিয়নে ছড়িয়ে দেওয়া, মূলত সকল উপজেলা চেয়ারম্যান ইউপি চেয়ারম্যান, সচিব ওয়ার্ড পুরুষ/মহিলা সদস্যগন সবাই ভালো কাজ করছেন। আমাদের যেমন ভালো কাজ আছে, তেমনি অন্যদের ও ভালো কাজ রয়েছে। এজন্য আমাদের ও অন্যদের ভালো কাজ গুলো নিজেদের মধ্যে ভাগাভাগি করে নেওয়া। তিনি এনআইএলজি ও ব্রেকিং দ্য সাইলেন্স এর এই পারস্পারিক শিখন কর্মশালায় সকল অংশগ্রহনকারীদেরকে কর্মশালায় সহযোগীতা করার অনুরোধ জানিয়ে শুভ উদ্বোধন ঘোষনা করেন। দেয়াড়া ইউনিয়ন পরিষদ সচিব বলেন, বর্তমানে করোনা পরিস্থিতির কারণে আমরা অনলাইন মিটিং করছি, পরবর্তীতে আমরা কি সরাসরি মিটিং করতে পারবো? এর প্রেক্ষিতে মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স জানান, পরবর্তীতে উপজেলা কর্মশালা স্বাস্থ্যবিধি মেনে সরাসরি অংশগ্রহনের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স, প্রথমে কলারোয়া উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন এবং সকল ইউনিয়নকে ধন্যবাদ জানান। ভালো শিখন বলতে নিজের যে ভালো কাজ গুলো আছে সেগুলো কে বুঝায়। আজকের কর্মশালার প্রধান উদ্দেশ্য হচ্ছে, আমার ইউনিয়নে যে ভালো কাজগুলো আছে সেগুলো জানানো ও দেখানো। তিনি পারস্পারিক শিখনের উদ্দেশ্য গুলো তুলে ধরেন,

১. আমি আমার ভালো শিখন গুলো অন্যকে জানাবো।
২. অন্যদের ভালো শিখনগুলো নিজে দেখবো ও জানবো।
৩. উপজেলার ভালো শিখন গুলো জানবো এবং অন্যকে জানাবো।

তারপর তিনি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে পারস্পারিক কর্মসূচীর মূলনীতি গুলোর ব্যাখ্যা দেন। পারস্পারিক কর্মসূচীর মূলনীতি গুলো হলো-

- প্রশংসা
- সংযোগ স্থাপন
- অভিযোজন/গ্রহণ
- রূপায়ন

কর্মশালায় ব্যবহারিত উপকরণ সমূহ:

মার্কার, পোষ্টার পেপার, মাসকিন টেপ, রেসকিন টেপ, কাটার, ক্যামেরা, প্রজেক্টর, ভিপকার্ড, টিপ, নোটবুক, কলম, ফাইল, টিস্যু বক্স ইত্যাদি।

এরপরে প্রতিটি ইউনিয়নের উপস্থিতিদের স্ব স্ব ইউনিয়ন ভিত্তিক বসিয়ে ভিব কার্ডের মাধ্যমে তাদের ইউনিয়নের ৫ টি ভালো কাজ গ্রুপ ওয়ার্কের মাধ্যমে চিহ্নিত করতে বলা হয়। গ্রুপ ওয়ার্কের মাধ্যমে ১১ টি ইউনিয়ন থেকে মোট ৫৫ টি ভালো কাজ উঠে আসে। ভালো কাজ গুলো নিন্মরূপঃ

দেয়াড়া ইউনিয়ন এর ৫ টি ভালো কাজঃ

১. শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে ব্যাগ বিতরণ

২. শিক্ষা প্রতিষ্ঠানে মঞ্চ নির্মাণ

৩. রাস্তার দুই ধারে তাল গাছের চারা রোপন

৪. বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে রাস্তা

৫. মাদ্রাসা শ্রেণিকক্ষের ছাদ নির্মাণসহ প্রাচীর নির্মাণ

হেলাতলা ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ

১. হেলাতলা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে রাস্তা ইটের সলিং এবং পুকুরের ধার প্যালাসাইচিং

২. করোনা প্রতিরোধে মাস্ক, সাবান ও ব্লিচিং পাউডার বিতরণ

৩. রঘুনাথপুর হকের বাড়ি হতে নৌখাল পর্যন্ত জল নিষ্কাশন এর জন্য ড্রেন নির্মাণ

৪. নিরাপদ খাবার পানির জন্য রেইন ওয়াটার হ্যার্ভেষ্টিং ট্যাংক বিতরণ

৫. পরিবেশবান্ধব বন্ধু চুলা বিতরণ

লাঙ্গলঝাড়া ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ

১. মশা নিধনে ইউনিয়নের নয়টি ওয়ার্ডের জীবাণুমুক্ত ঔষধ স্প্রে করা

২. ইউনিয়নে করোনাভাইরাস সুরক্ষার সামগ্রী মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও জীবাণুমুক্ত ব্লিচিং পাউডার বিতরণ

৩. মুজিববর্ষ উপলক্ষে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে সাইকেল বিতরণ

৪. মুজিব বর্ষ উপলক্ষে পঞ্চম, অষ্টম ও দশম শ্রেণির ছাত্রছাত্রীদের মাঝে আম গাছের চারা বিতরণ

৫. মাতৃকালীন মহিলাদের স্বাস্থ্য বিষয়ে সচেতনতা মূলক প্রশিক্ষণ প্রদান।

কেড়াগাছি ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ

১. ইউডিসি তে কম্পিউটার বিষয়ে ট্রেনিং প্রদান

২. করোনা প্রতিরোধে উপকরণ বিতরণ

৩. মশা নিধন কার্যক্রম এসপেরে অভিযান ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম

৪. গর্ভবতী মহিলাদের প্রশিক্ষণ

৫. শিক্ষাপ্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহ

যুগিখালি ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ

১. যুগিখালি ইউনিয়নে বিভিন্ন ওয়ার্ডে জলাবদ্ধতা নিরসনের জন্য আরসিসি পাইপ স্থাপন

২. করোনা প্রতিরোধে দারিদ্র্য অসহায় মানুষের মধ্যে মাস্ক, সাবান ও ব্লিচিং পাউডার বিতরণ

৩. যুগিখালি ইউনিয়নের বিভিন্ন স্কুলে চেয়ার বেঞ্চ ও টেবিল সরবরাহ করা হয়েছে

৪. ইউনিয়নের বিভিন্ন স্কুলে দরিদ্র ছাত্রছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ

৫. বিভিন্ন ওয়ার্ডে রাস্তা ইটের সলিং করন

সোনাবাড়িয়া ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ

১. পরিবেশবান্ধব বন্ধু চুলা বিতরণ

	২. শিক্ষা প্রতিষ্ঠান জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেন নির্মাণ ৩. ইউনিয়নের দরিদ্র ছাত্রছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ ৪. আর্সেনিকমুক্ত পানি সরবরাহের জন্য রেইন ওয়াটার হার্ভেস্টিং ট্যাংক বিতরণ ৫. করোনা প্রতিরোধে স্যানিটাইজার বিতরণ ও মাস্ক বিতরণ **চন্দনপুর ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ** ১. রামভদ্রপুর মরহুম মোকসেদ আলী মন্ডল এর মাদ্রাসা ও এতিমখানায় জানালা নির্মাণ ২. মুজিব বর্ষ উপলক্ষ্যে দাড়কি হিজলদি মাধ্যমিক বিদ্যালয় গেট নির্মাণ ৩. হিজলদি বাজারে পোস্ট অফিসের পাশে গণশৌচাগার নির্মাণ ৪. কাদপুর সাজ্জাদ এর বাড়ী হতে মজিদের বাড়ি অভিমুখে হাই ড্রেন নির্মাণ ৫. হিজলদি বাজারে বসার স্থান নির্মাণ **কয়লা ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ** ১. ডেঙ্গু মশা নিধনে স্প্রে মেশিন ঔষধ ক্রয় ও ছিটানো ২.করোনা প্রতিরোধে সার্জিক্যাল মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান বিতরণ ৩. অসহায় দুস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ ৪. শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীদের স্কুল ব্যাগ বিতরন ৫. বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ফলজ ও বনজ উদ্ভিদ বিতরণ **কেরালকাতা ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ** ১. পাইপ লাইনের মাধ্যমে জনসাধারণের জন্য সুপেয় পানি সরবরাহ ২. ৭৫০ টি বন্ধু চুলা বিতরণ ৩. মসজিদভিত্তিক গণশিক্ষা কার্যক্রম কেন্দ্রে দুইটি টয়লেট নির্মাণ ৪. কাজিরহাট বালিকা বিদ্যালয় ও কুটুনি দাখিল মাদ্রাসায় বেঞ্চ সরবরাহ ৫. অবৈধ স্থাপনা, সরকারি রাস্তা রক্ষা ও জলাবদ্ধতা নিরসনের জন্য চেয়ারম্যান সাহেবের নেতৃত্বে কমিটি গঠন ও মনিটরিং **কুশোডাঙ্গা ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ** ১. বাল্যবিবাহ প্রতিরোধে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং ২. গ্রাম আদালতের মাধ্যমে পারিবারিক সমস্যা নিষ্পত্তি ৩. মাদক নিয়ন্ত্রণে কার্যকরী ভূমিকা গ্রহণ ৪. ভিক্ষুক মুক্ত করণ বিভিন্ন সরকারি সহযোগিতার মাধ্যমে ৫. শিক্ষাপ্রতিষ্ঠানে দারিদ্র্য অসহ শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ প্রদান ও সাইকেল সেড নির্মাণ

জালালাবাদ ইউনিয়নের পাঁচটি ভালো কাজঃ

১. মুজিব বর্ষ উপলক্ষে ছাত্র-ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ

২. পরিবেশবান্ধব বন্ধুচুলা বিতরণ

৩. জলাবদ্ধতা নিরসনে পাইপ কালভার্ট নির্মাণ

৪. বজ্রপাত প্রতিরোধে তাল গাছ রোপন রাস্তার ধারে

৫. মুজিব শতবর্ষ উপলক্ষে যুব সমাজকে মাদক থেকে দুরে রাখতে এবং খেলাধুলার প্রতি আগ্রহ তৈরিতে শিক্ষাপ্রতিষ্ঠানে জার্সি ও ফুটবল বিতরণ

সকল ভালো কাজগুলো দেয়ালে পোস্টারিং করা হয় এবং প্রত্যেক অংশগ্রহনকারীদেরকে ১ টি করে টিপ দেওয়া হয়। অংশগ্রহনকারীরা তারা প্রত্যেক ভালো কাজ গুলো পড়ে নিজস্ব মত অনুযায়ী ভোট প্রদান করেন। ভোটের মাধ্যমে নির্বাচিত ৫ টি ভালো কাজ উঠে আসে এবং সবার সামনে উপস্থাপন করা হয় এবং প্রত্যেক ভালো কাজের সূচক নির্ধারণ করা হয়। উক্ত ভালো কাজ ও তার সূচক সমূহ নিন্মে দেওয়া হলোঃ

ভাল শিখন	সূচকসমূহ (Smart)
১. কুশোডাঙ্গা ইউনিয়ন পরিষদ থেকে 'বাল্যবিবাহ প্রতিরোধে বিশেষ কমিটির মাধ্যমে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং'।	১. রেজুলেশন আছে। ২. ২১ সদস্যবিশিষ্ট কমিটি আছে। ৩. নিয়মিত মিটিং করা হয়। ৪. বাল্যবিবাহের ঘটনা ঘটলে তাৎক্ষনিক ব্যবস্থা নেওয়া হয়। ৫. স্কুলের শিক্ষকদের সাথে যোগাযোগ রেখে বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা মেয়েদের তথ্য নেওয়া হয়।
২. কুশোডাঙ্গা ইউনিয়ন পরিষদ থেকে 'শিক্ষা প্রতিষ্ঠানে ও দরিদ্র শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরন এবং শিক্ষা প্রতিষ্ঠানে সাইকেল সেড নির্মান'।	১. রেজুলেশন আছে। ২. এলজিএসপি-৩ থেকে খরচ করা হয়েছে। ৩. উপকরণ বিতরণে শিক্ষার্থীদের তালিকা ও ছবি আছে। ৪. শিক্ষার্থীরা সাইকেল সেডটি ব্যবহার করে। ৫. সরেজমিন ভিজিট করে দেখা যাবে।
৩. কেরালকাতা ইউনিয়ন পরিষদ থেকে ' পাইপ লাইনের মাধ্যমে ৫০০ পরিবারকে সুপিয় পানি সরবরাহ'।	১. রেজুলেশন আছে। ২. প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন হচ্ছে। ৩. ছবি আছে। ৪. সরেজমিন ভিজিট করে দেখা যাবে।
৪. সোনাবাড়িয়া, হেলাতলা, কেরালকাতা, জালালাবাদ ইউনিয়ন পরিষদ থেকে '২০০০ পরিবারকে পরিবেশ বান্ধব বন্ধু চুলা বিতরণ'।	১.রেজুলেশন আছে। ২. প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন হচ্ছে। ৩. ছবি আছে। ৪. সরেজমিন ভিজিট করে দেখা যাবে।
৫. সোনাবাড়িয়া ও হেলাতলা ইউনিয়ন পরিষদ থেকে 'আর্সেনিকমুক্ত বিশুদ্ধ পানি সংরক্ষণ করে ব্যবহারের জন্য রেইন ওয়াটার হার্ভেস্টিং ট্যাংক বিতরণ'।	১.রেজুলেশন আছে। ২. প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন হচ্ছে। ৩. ছবি আছে। ৪. সরেজমিন ভিজিট করে দেখা যাবে।

কর্মপরিকল্পনা:

	এরপর কর্মশালায় সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়নের ভাল কাজ দেখার জন্য এক ইউনিয়নের জনপ্রতিনিধিরা স্ব স্ব উদ্দ্যোগে অন্য ইউনিয়নে ভিজিট করতে আগ্রহী হন। উপজেলা চেয়ারম্যান ও ইউএনও স্যার সম্মতিতে সবাই সবার সুযোগ মত আগামী এপ্রিল ২০২১ এ শেষ সপ্তাহের মধ্যে এই ভিজিট করতে যাবেন বলে সিদ্ধান্ত হয়। **সভার প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান-** মোঃ আমিনুল ইসলাম লাল্টু বলেন, আমাদের এই উপজেলাতে অনেক ভাল চর্চা আছে এই প্রক্রিয়ায় আমরা আমাদের এলাকার কাজ সম্পর্কে অন্যদেরকে জানাতে পারবো, বাংলাদেশের বিভিন্ন উপজেলার ইউনিয়নের কাজ সম্পর্কে জানতে পারবো। এর মাধ্যমে ভাল কাজ করার প্রতিযোগিতা তৈরি হবে। আশা করি আমাদের উপজেলাতেও এটি আগামীতে ভাল কাজগুলো চিহ্নিত হবে। আমরা সকলে এভাবে এগিয়ে যাব। আমরা উপজেলা পরিষদের থেকে উদ্দ্যোগ গ্রহণ করবো আমাদের ইউনিয়নের ভাল কাজ গুলো পরিদর্শন করার জন্য। সুযোগ থাকলে বরাদ্দ রেখে গাড়ী ভাড়া করে আমরা সকলে একত্রে অভিজ্ঞতা বিনিময় করার ব্যবস্থা করবো। **কর্মশালার সভাপতি উপজেলা নির্বাহী অফিসার-,** জুবায়ের হোসেন চৌধূরী বলেন আমার মনে হয় এই যে পারস্পরিক শিখন এটা কিভাবে হবে, এটা তখনই হবে যখন আমি একজনের কাছ থেকে শেখার জন্য প্রস্তুত হয় এবং আমি আর একজনকে শেখায় ,আপনারা সকাল থেকে যে ভাল কাজগুলো করেছেন আমি এর সাধুবাদ জানায়। আপনারা আজকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণ অংশগ্রহণ করেছেন কিন্তু পরবর্তীতে যে সভাগুলো অনুষ্ঠিত হবে সেখানে আপনাদের ইউনিয়নের সকল সদস্য অংশগ্রহণ করবে বলে প্রত্যাশা করছি এবং আজকের এই প্রস্তুতিমূলক সভার সফলতা কামনা করে শেষ করছি।
অংশগ্রহনকারীদের মতামত/পরামর্শ	১. যে ভাল শিখনগুলো চিহ্নিত হবে তা দেখার জন্য সবাই যেন একটি পরিকল্পনা করেন। ২. ইউনিয়ন পরিষদের মাধ্যমে ভাল শিখনগুলো উপজেলা কর্মশালাতে সঠিকভাবে তুলে ধরতে হবে। ৩. উপজেলা কর্মশালা স্বাস্থ্যবিধি মেনে সরাসরি করা হবে।

সংযুক্তি :

১. উপস্থিতি তালিকা
২. প্রস্তুতিমূলক সভার সূচী
৩. নিউজ লিংক

প্রস্তুতকারীর নাম: মোঃ শরিফুল ইসলাম, ডেপুটি ম্যানেজার ও অফিস ইনচার্জ, সাতক্ষীরা

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ

উপজেলা কর্মশালা

আয়োজনে: জাতীয় স্থানীয়সরকারইনস্টিটিউট (এনআইএলজি) উপজেলা, প্রশাসন, কলারোয়া উপজেলা

সহযোগিতায়: সুইসএজেন্সি ফর ডেভলপমেন্ট এন্ড কোঅপারেশন (এসডিসি), ব্রেকিং দ্য সাইলেন্স

স্থান: উপজেলা পরিষদ হল রুম, কলারোয়া।

তারিখ: ১৫ মার্চ ২০২১ ইং-

কর্মশালারসময়সূচি

সময়	কার্যক্রম	সহায়ক /

		দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১০:০০ - ১০:৩০	রেজিস্ট্রেশন	
১০:৩০ - ১০:৩৫	স্বাগত বক্তব্য	
১০:৩৫ - ১০:৫০	পরিচিতিপর্ব	
১০:৫০ - ১১:০০	কর্মশালারউদ্দেশ্য বর্ণনা	
১১:০০ - ১১:২০	পারস্পরিকশিখনবিষয়ক উপস্থাপনা	
১১:২০ - ১১:৩০	প্রধানঅতিথির বক্তব্য (উদ্বোধনপর্ব)	
১১:৩০ - ১১:৪৫	বিরতি	
১১:১০ - ১১:৩০	পারস্পরিকশিখনপ্রক্রিয়া উপস্থাপনা	
১১:৪৫ - ১২:১৫	ভালশিখনচিহ্নিতকরারজন্য ইউনিয়নভিত্তিকদলীয়কাজও ভালশিখন উপস্থাপন	
১২:১৫ - ১২:৪৫	অংশগ্রহণকারীদের ভোটেরমাধ্যমে সংশ্লিষ্টউপজেলার৫টি ভালশিখনচিহ্নিতকরণও সূচক নির্ধারণ	
১২:৪৫ - ০১:০৫	পারস্পরিকশিখনকার্যক্রমে অংশগ্রহণেরজন্য পরবর্তী পদক্ষেপের পরিকল্পনা তৈরীকরা	
০১:০৫ - ০১:২০	অতিথিদের বক্তব্য	
০১:২০ - ০১:৩০	সভাপতির বক্তব্য ও সমাপনী	

- সঞ্চালক: মোঃ শরিফুল ইসলাম, অফিস ইনচার্জ, ব্রেকিং দ্য সাইলেন্স, সাতক্ষীরা
- সহায়তায়: মোঃ মনিরুজ্জামান টিটু, প্রজেক্ট কো-অর্ডিনেটর, ব্রেকিং দ্য সাইলেন্স, সাতক্ষীরা

উল্লেখ্য, সংস্থার অন্যান্য কর্মসূচির প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের দায়িত্বের পরিবর্তন এবং প্রয়োজনানুযায়ী সময়সূচির পরিবর্তন হতে পারে।

সভাপতির বক্তব্য দিচ্ছেন উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, ডান পাশে আছেন চেয়ারম্যান উপজেলা পরিষদ, কলারোয়া এবং বাম পাশে আছেন সবহারী কমিশনার(ভূমি) কলারোয়া

কর্মশালাটি পরিচালনা করছেন ডিরেক্টর, ব্রেকিং দ্য সাইলেন্স



চিহ্নিত ০৫টি ভাল শিখন

ভোট প্রয়োগ করার একাংশ

ইউনিয়নের ভিত্তিক ভাল কাজ উপস্থাপন

প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন উপজেলা পরিষদ চেয়ারম্যান

উন্মুক্ত আলোচনায় বক্তব্য রাখছেন চেয়ারম্যান	ইউনিয়ন ভিত্তিক ভালো শিখন প্রদর্শন

নিউজ লিংক:

https://dailysatkhira.com/news/148547?fbclid=IwAR28pUyBv8V4-nHaud-kv8Fh-2NfzCeaXX3b29mnIClVlvpd4Po03PM10WU

https://dainikbetnanadee.com/%e0%a6%b8%e0%a6%be%e0%a6%a4%e0%a6%95%e0%a7%8d%e0%a6%b7%e0%a7%80%e0%a6%b0%e0%a6%be%e0%a6%b0-%e0%a6%95%e0%a6%b2%e0%a6%be%e0%a6%b0%e0%a7%8b%e0%a7%9f%e0%a6%be%e0%a7%9f-%e0%a6%aa%e0%a6%be%e0%a6%b0%e0%a6%b8/?fbclid=IwAR10Y_T4PvDlb-fPBpYlYsmZxDhYqj7UU6xsvh0zHBZjL7NdZG-AXqj4er0

https://satkhiratoday.com/%e0%a6%b8%e0%a6%be%e0%a6%a4%e0%a6%95%e0%a7%8d%e0%a6%b7%e0%a7%80%e0%a6%b0%e0%a6%be%e0%a6%b0-%e0%a6%95%e0%a6%b2%e0%a6%be%e0%a6%b0%e0%a7%8b%e0%a7%9f%e0%a6%be%e0%a7%9f-%e0%a6%aa%e0%a6%be%e0%a6%b0%e0%a6%b8/?fbclid=IwAR2T2_R8YxWR3hBRkBhZ8b2_Y6j_LvCTgH9kxTeRy_rr_tje9WwifnN76oM

https://satkhiralive.com/12412-2/?fbclid=IwAR2JBCZuzSZkUrwlzyLb7SgltnttbuZi7Qbk_rZq8ovV3N4TxlwpVmD11Xs

https://patradoot.net/2021/03/16/349025.html?fbclid=IwAR0Rt_RWeu8x3FGpKwPfIzfhj-EuEbJjxikaxa1TYcKQSxcv6fMXqm98Cwg

https://sadhinbarta24.com/%e0%a6%b8%e0%a6%be%e0%a6%a4%e0%a6%95%e0%a7%8d%e0%a6%b7%e0%a7%80%e0%a6%b0%e0%a6%be%e0%a6%b0-%e0%a6%95%e0%a6%b2%e0%a6%be%e0%a6%b0%e0%a7%8b%e0%a7%9f%e0%a6%be%e0%a7%9f-%e0%a6%aa%e0%a6%be%e0%a6%b0%e0%a6%b8/?fbclid=IwAR3PGJBhcAS_rGDWKfGWfskYYbnjgmX87YXUUobbPm6X34AcmsDuKuVh3QQ

https://kalaroanews.com/%e0%a6%95%e0%a6%b2%e0%a6%be%e0%a6%b0%e0%a7%8b%e0%a7%9f%e0%a6%be%e0%a7%9f-%e0%a6%aa%e0%a6%be%e0%a6%b0%e0%a6%b8%e0%a7%8d%e0%a6%aa%e0%a6%b0%e0%a6%bf%e0%a6%95-%e0%a6%b6%e0%a6%bf%e0%a6%96%e0%a6%a8/?fbclid=IwAR2FeRStr6FELyyLSuQ18yBvmWTm34EtjeJWX1YVSODQJZg5uY3P_DHMH7Q